

প্রতি জেলায় দুইটি ও প্রতি
মহকুমায় একটি কলেজকে
সরকারীকরণ করা হইবে

—প্রধানমন্ত্রী

সিরাজগঞ্জ, ১৩ই ডিসেম্বর
(নিজস্ব সংবাদদাতার টেলিফোন)
আজ শাহজাদপুর কলেজ ছাত্র
সংসদের অভিষেক অনুষ্ঠানে
প্রধান অতিথির বক্তৃতাকালে
প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান
বলেন যে, শেখ মুজিব নিহত
হইবার পর পরই তাহার নীতি,
আদর্শ ও সরকার উচ্ছেদ হইয়া
যায়। কিন্তু প্রেসিডেন্ট জিয়া
শহীদ হইবার পর তাহার নীতি,
আদর্শ ও সরকার আরও সুপ্রতি-
ষ্ঠিত হইয়াছে। তিনি বলেন,
প্রেসিডেন্ট জিয়ার স্বত্বাভি-
ষিকার বহুস্তম নামাজে জানাজা
অনুষ্ঠিত হয়। বিশ লক্ষ লোক
এই জানাজার শরীক হন। ইহার
পূর্বে মিসরের প্রেসিডেন্ট জামাল
আবদুন নাসেরের নামাজে জানা-
জার দশ লক্ষ লোক যোগদান
করিয়াছিলেন।

শাহজাদপুর কলেজের অধ্যক্ষ
জনাব তাহাজ্জত হোসেনের সভা-
(৮ম পৃঃ ৫-এর কঃ পৃঃ)

প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

পতিষে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে
অগ্ন্যানের মধ্যে বক্তব্য রাখেন
স্বরাষ্ট্রমন্ত্রী অধ্যাপক এম এ মতিন,
কলেজ ছাত্র সংসদের সহ-সভা-
পতি ও সাধারণ সম্পাদক প্রমুখ।

প্রধানমন্ত্রী শাহ আজিজ আরও
বলেন যে, বর্তমান সরকার ইতি-
মধ্যে দেশের সত্ত্ব রটি কলেজকে
সরকারীকরণ করিয়াছেন এবং
প্রতি জেলায় দুইটি ও প্রতি
মহকুমায় একটি করিয়া কলেজ
সরকারীকরণ করা হইবে। তিনি
বলেন, খালকাটা বিপ্লব ও নিরক্ষ-
রতা দূরীকরণে ছাত্র এবং শিক্ষকরা
সক্রিয় অংশ নিলে সেই কলেজকে
সরকারী অনুদান দেওয়া হইবে।